

গত ২৯/১০/২০২০খ্রিঃ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান চিকিৎসা কেন্দ্র শক্তিশালীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান চিকিৎসা কেন্দ্র শক্তিশালীকরণের লক্ষ্যে কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকার স্মারক নং- ১৮৬ -পাউবো (কল্যাণ)/বিবিধ-৭১৫/২০২০ তারিখঃ ২৭-১০-২০২০খ্রিঃ মোতাবেক গত ২৯/১০/২০২০ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার, অপরাহ্ন ০৪:৩০ ঘটিকার সময় জনাব এ, এম, আমিনুল হক, মহাপরিচালক বাপাউবো মহোদয়ের সভাপতিত্বে তাঁর সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ-

- ১। জনাব মোহাম্মদ আতাউর রহমান, অতিরিক্ত সচিব, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ২। জনাব খন্দকার মোঃ রুহুল আমিন, যুগ্ম-সচিব, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।
- ৩। জনাব কাজী তোফায়েল হোসেন, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৪। জনাব এ, কে, এম, ওয়াহেদ উদ্দিন চৌধুরী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
- ৫। জনাব ফজলুর রশিদ, প্রধান প্রকৌশলী (পুর), প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৬। জনাব এ,বি,এম, এমদাদুল হক, পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। জনাব মোঃ জাকিরুল ইসলাম, পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৮। জনাব মোঃ কবির আহাম্মদ, পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৯। জনাব মোঃ এনায়েত উল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

সভার শুরুতে সভার সভাপতি ও মহা-পরিচালক বাপাউবো মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি উপস্থাপনের জন্য পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকাকে অনুরোধ জানালে তিনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান চিকিৎসা কেন্দ্র শক্তিশালীকরণ প্রসঙ্গে।

আলোচ্য বিষয়ের সংক্ষিপ্তসারঃ

সময়ের পরিক্রমায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কলেবর এবং কার্যপরিধি বৃদ্ধি পেলেও মেডিক্যাল ইউনিটটি ক্রমাগত সংকুচিত হতে হতে বর্তমানে শুধুমাত্র একজন মেডিকেল অফিসার নিয়ে চলমান রয়েছে। বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিকেল ইউনিটের সেট-আপ ও কর্মরত জনবলের তালিকা নিম্নরূপ:-

মেডিকেল ইউনিটে জনবলের সেট-আপ (নীড বেসড সেট-আপ অনুযায়ী)				
ক্রঃ নং	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	অনুমোদিত বেতনগ্রেড	কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা
১।	মেডিকেল অফিসার	১	০৯	০১ (এক) জন
২।	ডেসার	১	১৮	শূন্য
৩।	ডাইভার	১	১৬	শূন্য
৪।	এটেন্ডেন্ট	১	২০	শূন্য
৫।	এমএলএসএস/অফিস সহায়ক	১	২০	০১ (এক) জন
	সর্বমোট=	৫		২

বাপাউবোর্ডের কর্মকর্তা-কর্মচারীগণের স্বাস্থ্যগত সুরক্ষার জন্য পানি ভবনে বিদ্যমান মেডিকেল ইউনিটকে শক্তিশালী ও সুসজ্জিত করণের কোন বিকল্প নেই। এছাড়া বিদ্যমান করোনা মহামারীর কারণে মেডিকেল ইউনিটের গুরুত্ব নতুন করে অনুভূত হচ্ছে। উল্লেখ্য, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পানি ভবনে মাতৃদুগ্ধ কর্ণার এবং ডে-কেয়ার সেন্টার স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীগণের স্বাস্থ্যগত সুরক্ষার এবং ডে-কেয়ার সেন্টার পরিচালনার জন্য বিদ্যমান মেডিকেল ইউনিটটিকে শক্তিশালীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণার্থে আলোচনা সভাটি আয়োজন করা হয়।

আলোচনাঃ

আলোচনার শুরুতে পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা-মহোদয় মেডিকেল ইউনিটকে শক্তিশালী করণের উদ্দেশ্যে কল্যাণ পরিদপ্তরের প্রস্তাবনা তুলে ধরেন। প্রস্তাবনায় তিনি ১ (এক) জন চীফ মেডিক্যাল অফিসার, ১ (এক) জন সিনিয়র মেডিকেল অফিসার, ৪(চার) জন মেডিকেল অফিসার, ২ (দুই)জন নার্সসহ সর্বমোট ২৯ (উনত্রিশ) জন জনবল সম্বলিত সেট-আপ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতির একটি তালিকা উপস্থাপন করেন।

অতঃপর এই বিষয়ের উপর উপস্থিত কর্মকর্তাগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

(১) নিম্নোক্ত পদগুলো নতুন করে সৃজন করে নীড বেসড সেট-আপ এ অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাবনা পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলোঃ

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	প্রস্তাবিত বেতনগ্রেড (বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	মন্তব্য
১।	চীফ মেডিক্যাল অফিসার	০১	০৪	নতুন সৃজনের প্রস্তাবনা
২।	সিনিয়র মেডিকেল অফিসার	০১	০৬	নতুন সৃজনের প্রস্তাবনা
৩।	মেডিক্যাল অফিসার (মহিলা)	০১	০৯	বিদ্যমান ১টি মেডিক্যাল অফিসার পদের অতিরিক্ত
৪।	নার্স	০১	১০	নতুন সৃজনের প্রস্তাবনা

(২) নীড বেসড সেট-আপ এ অনুমোদিত, কিন্তু বর্তমানে শূণ্য নিম্নোক্ত পদগুলোতে জরুরীভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলোঃ

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	প্রস্তাবিত বেতনগ্রেড (বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	বাস্তবায়নকারী দপ্তর
১।	ড্রাইভার	০১ জন	১৬	মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
২।	ডেসার	০১ জন	১৮	
৩।	এ্যাটেনেডন্ট	০১ জন	২০	

(৩) প্রস্তাবিত প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকাকে যৌক্তিকীকরণ এবং প্রাক্কলন প্রস্তুত পূর্বক ক্রয়ের প্রস্তাবনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভার সভাপতি ও মহাপরিচালক মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

মূল কপি স্বাক্ষরিত/-
(এ, এম, আমিনুল হক)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড